

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৯

আগরতলা, ১৫ জুন, ২০২৪

মধ্য চন্ডিপুর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস

উনকোটি জেলার চন্ডিপুর আয়ুস্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত মধ্য চন্ডিপুর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১৩ জুন গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালন করা হয়। তাছাড়াও অনুষ্ঠিত হয় স্বাস্থ্য শিবির। গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস উপলক্ষে স্বাস্থ্যকর্মীগণ স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন সচেতনামূলক আলোচনা করেন। অনুষ্ঠানে ম্যালেরিয়া প্রতিরোধে ঔষধযুক্ত মশারি ব্যবহারের প্রয়োজনীয়তা, পরিবার পরিকল্পনা, জে এস ওয়াই, জে এস এস কে ও সঠিক সময়ে টিকাকরণের উপর গুরুত্ব আরোপ করা হয়। স্বাস্থ্য শিবিরে ২০ জন এলাকাবাসী চিকিৎসা পরিষেবার সুযোগ গ্রহণ করেন। শিবিরে তাদেরকে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। তাছাড়া শিবিরে ২৫ জনের রক্তের নমুনা সংগ্রহ ও আর ডি কিটে রক্ত পরীক্ষা করা হয়। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
